নির্বাহী প্রকৌশলীর কার্যালয়
পিরোজপুর পানি উন্নয়ন বিভাগ
বাপাউবো, পিরোজপুর।
ফোন নং- ০২৪৭-৯৯৩৮০১৮
ই-মেইলঃxen.perojpur@gmail.com

# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

জনগনের অংশ গ্রহণের মাধ্যমে পানি সম্পদ ব্যবস্থাপনা

Office of the Executive Engineer
Perojpur WD Division
BWDB, Perojpur.
Phone: 0247-9938018
ই-মেইলঃxen.perojpur@gmail.com

স্মারক নং-এল-৩/১৮৪৮ তারিখঃ-২২/০৭/২০২৬ খ্রিঃ।

## "সীমিত দরপত্র পদ্ধতিতে (LTM) আওতায় কার্য ক্রয় ও পণ্য সরবরাহ নেওয়ার লক্ষ্যে ঠিকাদার তালিকাভুক্তি/নবায়নের বিজ্ঞপ্তি"

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পিরোজপুর পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, পিরোজপুর দপ্তরে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০২৫ (PPR-2025) এর আলোকে সীমিত দরপত্র পদ্ধতির (LTM) আওতায় অনধিক ০৫ (পাঁচ) কোটি টাকা পর্যন্ত অভ্যন্তরীণ কার্য ক্রয় ও ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকা পর্যন্ত পণ্য সরবরাহের লক্ষ্যে ২০২৬-২০২৭ অর্থ বছরের জন্য ঠিকাদার/সরবরাহকারী তালিকাভুক্তি/নবায়ন করা হবে। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, ঢাকা দপ্তর স্মারক নং-৪২.০১.০০০০.০০৫.২২.০০৩.১৫-১৩৪, তারিখ: ২০-০৭-২০২০ খ্রিঃ মোতাবেক নির্ধারিত আবেদনপত্র (ডকুমেন্ট) ৫০০/- (পাঁচশত) টাকার অফেরৎযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট হিসাব রক্ষণ অফিসার, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, বরিশাল (AO, RAC, BWDB, Barishal) এর অনুকূলে করতঃ অত্র দপ্তরের প্রশাসনিক শাখায় দাখিলের মাধ্যমে আবেদনপত্র (ডকুমেন্ট) সংগ্রহ করা যাবে। আগ্রহী ব্যক্তিবর্গকে নির্ধারিত আবেদনপত্র (ডকুমেন্ট) সঠিকভাবে পূরণ করতঃ প্রয়োজনীয় কাগজপত্রসহ আগামী ০৮/০৯/২০২৬ খ্রিঃ বিকাল ৪.০০ ঘটিকার মধ্যে অত্র দপ্তরের প্রশাসনিক শাখায় জমা প্রদান করার জন্য অনুরোধ করা হলো। নির্ধারিত তারিখ ও সময়ের পর তালিকাভুক্তি ফরম বিক্রয় গ্রহণ ও নবায়নের আবেদন গ্রহন করা হবে না।

### ঠিকাদার/সরবরাহকারী নতুন তালিকাভুক্তির আবেদনের তফসিল:

১। ঠিকাদার/সরবরাহকারী তালিকাভুক্তি আবেদন ফরম বিক্রয় ও গ্রহণের তফসিলঃ

| ক্রঃ নং | তালিকাভুক্তির ধরণ | আবেদন ফরম বিতরণ (আরম্ভের তারিখ) | আবেদন ফরম গ্রহণ ও দাখিলের সর্বশেষ তারিখ |
|---|---|---|---|
| ১। | ঠিকাদার তালিকাভুক্তি (কার্য) | ২৬/০৭/২০২৬ খ্রি. | ০৮/০৯/২০২৬ খ্রিঃ বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত (সাপ্তাহিক ও সরকারী ছুটির দিন ব্যতীত) আবেদনপত্র সংগ্রহ এবং জমা প্রদান করা যাবে। |
| ২। | সরবরাহকারী তালিকাভুক্তি (পণ্য সরবরাহ) | | |

ঠিকাদার/সরবরাহকারী তালিকাভুক্তির প্রয়োজনীয় নির্দেশনাবলীঃ

| | |
|---|---|
| আবেদনের যোগ্যতা | ০১) বৈধ হালনাগাদ ট্রেড লাইসেন্স, ০২) ভ্যাট ও ট্যাক্স ক্লিয়ারেন্স সার্টিফিকেট (২০২৫-২৬ অর্থ বছরের আয়কর প্রদানের প্রমানক প্রদান করতে হবে। জুলাই/২০২৬ খ্রিঃ হতে যে সকল ঠিকাদার নতুন TIN Registration করবেন তাহাদের আয়কর প্রদানের সনদ প্রদান করতে হবে না), ০৩) কার্য-ক্রয় ক্ষেত্রে ২৫ লক্ষ টাকা এবং পণ্য সরবরাহের ক্ষেত্রে ৩.০০ লক্ষ টাকা স্থিতি সম্বলিত হালনাগাদ ব্যাংক সলভেন্সী সনদ/বিবরণী (বিজ্ঞপ্তি জারীর তারিখ হতে আবেদন গ্রহনের শেষ দিন পর্যন্ত ব্যাংক স্টেটমেন্ট/ব্যাংক সনদ প্রদান করতে হবে এবং ব্যাংক স্টেটমেন্ট/ব্যাংক সনদে অবশ্যই সংশ্লিষ্ট ব্যাংক শাখার ইমেইল ও ঠিকানা উল্লেখ করতে হবে), ০৪) জাতীয় পরিচয়পত্রের ফটোকপি, ০৫) পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি ছবি, ০৬) প্রতিষ্ঠানের যন্ত্রপাতির তালিকা, ০৭) প্রতিষ্ঠানের জনবলের তালিকা, ০৮) ঠিকাদার/প্রতিষ্ঠানের মালিকের ৩০০/- (তিনশত) টাকার স্ট্যাম্পে অঙ্গীকারনামা, ০৯) ঠিকাদার/প্রতিষ্ঠানের এ্যাফিডেভিট/হলফনামা এর কপি (প্রযোজ্য ক্ষেত্রে)। |
| আবেদন ফি | ৫০০/- (পাঁচশত) টাকার অফেরৎযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট হিসাব রক্ষণ অফিসার, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, বরিশাল (AO, RAC, BWDB, Barishal) এর অনুকূলে অত্র দপ্তরের প্রশাসনিক শাখায় জমা প্রদান করে আবেদনপত্র সংগ্রহ করতে হবে। |
| তালিকাভূক্তিকরণ ফি (প্রাথমিক মূল্যায়নে উত্তীর্ণের পরে) | ৫০০০/- (পাঁচ হাজার) টাকার অফেরৎযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট হিসাব রক্ষন অফিসার, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, বরিশাল (AO, RAC, BWDB, Barishal) এর অনুকূলে এবং ১৫% ভ্যাট বাবদ ৭৫০.০০ (সাতশত পঞ্চাশ) টাকা মাত্র (চালানের অর্থনৈতিক কোড: ১১১০২০৪১৪৪২২২-কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, বরিশাল) এর অনুকূলে চালান করতঃ জমাকৃত পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এবং চালানের মূল কপি অত্র দপ্তরের প্রশাসনিক শাখায় জমা প্রদান করতে হবে। উল্লেখ্য যে, পিপিআর-২০২৫ এর বিধি ৬৮ (৩) মোতাবেক একক মালিকানাধীন প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী নারী হলে তালিকাভুক্তির নিবন্ধন ফি বাবদ ৩০০০/- (তিন হাজার) টাকার ফেরৎযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট হিসাব রক্ষণ অফিসার, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, বরিশাল এর অনুকূলে এবং ১৫% ভ্যাট বাবদ ৪৫০.০০ (চারশত পঞ্চাশ) টাকা মাত্র (চালানের অর্থনৈতিক কোড: ১১১০২০৪১৪৪২২২-কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, বরিশাল) এর অনুকূলে চালান করতঃ জমাকৃত পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এবং চালানের মূল কপি অত্র দপ্তরের প্রশাসনিক শাখায় জমা প্রদান করতে হবে। |
| আবেদনপত্র প্রাপ্তির স্থান | প্রশাসনিক শাখা, নির্বাহী প্রকৌশলীর দপ্তর, পিরোজপুর পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, পিরোজপুর। |

নির্বাহী প্রকৌশলীর কার্যালয়
পিরোজপুর পানি উন্নয়ন বিভাগ
বাপাউবো, পিরোজপুর।
ফোন নং- ০২৪৭-৯৯৩৮০১৮
ই-মেইলঃxen.perojpur@gmail.com

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

জনগনের অংশ গ্রহণের মাধ্যমে পানি সম্পদ ব্যবস্থাপনা

Office of the Executive Engineer
Perojpur WD Division
BWDB, Perojpur.
Phone: 0247-9938018
ই-মেইলঃxen.perojpur@gmail.com

২। ঠিকাদার/সরবরাহকারী নবায়নের তফসিলঃ

| | |
|---|---|
| আবেদনের যোগ্যতা | ০১) আবেদনপত্র, ০২) বৈধ হালনাগাদ ট্রেড লাইসেন্স, ০৩) ভ্যাট ও ট্যাক্স ক্লিয়ারেন্স সার্টিফিকেট |
| আবেদন ফি | ২০০০/- (দুই হাজার) টাকার অফেরৎযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট হিসাব রক্ষণ অফিসার, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, বরিশাল এর অনুকূলে এবং ১৫% ভ্যাট বাবদ ৩০০.০০ (তিনশত) টাকা মাত্র (চালানের অর্থনৈতিক কোড: ১১১০২০৪১৪৪২২২-কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, বরিশাল) এর অনুকূলে চালান করতঃ জমাকৃত পে-অর্ডারব্যাংক/ড্রাফট এবং চালানের মূল কপি অত্র দপ্তরের প্রশাসনিক শাখায় জমা প্রদান করতে হবে। উল্লেখ্য যে, পিপিআর-২০২৫ এর বিধি ৬৮ (৩) (ঙ) মোতাবেক একক মালিকানাধীন প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী নারী হলে নবায়ন ফি বাবদ ১৫০০/- (এক হাজার পাঁচশত) টাকার ফেরৎযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এবং ১৫% ভ্যাট বাবদ ২২৫.০০ (দুইশত পঁচিশ) টাকা মাত্র (চালানের অর্থনৈতিক কোড: ১১১০২০৪১৪৪২২২-কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, বরিশাল) এর অনুকূলে চালান করতঃ জমাকৃত পে-অর্ডারব্যাংক /ড্রাফট এবং চালানের মূল কপি এবং নিবন্ধন বহিঃ অত্র দপ্তরের প্রশাসনিক শাখায় জমা প্রদান করতে হবে। |

৩। ঠিকাদার তালিকাভুক্তি/নবায়ন কমিটির সুপারিশ এবং প্রধান প্রকৌশলী, দক্ষিণাঞ্চল, বাপাউবো, বরিশাল মহোদয়ের অনুমোদন সাপেক্ষে নতুন তালিকাবুক্তি ও নবায়নের আবেদন চূড়ান্তভাবে গৃহীত হবে। আবেদনে উল্লেখিত শর্তাবলী পূরণ সাপেক্ষে কমিটি কর্তৃক মূল্যায়নের পর তা অনুমোদন সাপেক্ষে তালিকাভুক্তিকরণ ফি পরিশোধ করার পর নিবন্ধন বহিঃ ইস্যু করা হবে।

৪। ইতোপূর্বে অত্র দপ্তর হতে ইস্যুকৃত নিবন্ধন বহিঃ উল্লেখিত শর্তাবলী পূরণ সাপেক্ষে ঠিকাদার/সরবরাহকারী তালিকাভুক্তির বহিঃ নবায়ন করা যাবে।

উল্লেখ্য যে, ক্রয়কারী কর্তৃপক্ষ (Procuring Entitiy) আবেদনকারীর আবেদনপত্র যাচাই বাছাই সাপেক্ষে কোন কারণ দর্শানো ব্যতিরেকে ঠিকাদার/সরবরাহকারী তালিকাভুক্তির আবেদন গ্রহণ/বাতিল করার ক্ষমতা সংরক্ষন করেন এবং ঠিকাদার/সরবরাহকারী প্রতিষ্ঠানের সীমিত দরপত্র পদ্ধতিতে (LTM) টেন্ডার অংশগ্রহণের জন্য e-GP Registration থাকা আবশ্যক।

22/09/2026

(নুসাইর হোসেন)
নির্বাহী প্রকৌশলী (চঃদাঃ),
পিরোজপুর পানি উন্নয়ন বিভাগ,
বাপাউবো, পিরোজপুর।

স্মারক নং-এল-৩/১৮৪৮(১১)

তারিখঃ-২২/০৭/২০২৬ খ্রিঃ।

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

১। প্রধান প্রকৌশলী, দক্ষিণাঞ্চল, বাপাউবো, বরিশাল।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বরিশাল পানি উন্নয়ন সার্কেল, বাপাউবো, বরিশাল।
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো,ঢাকা।
৪। পরিচালক, জনসংযোগ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। বিজ্ঞপ্তিটি জাতীয় পর্যায়ে বহুল প্রচারিত ১টি বাংলা ও ১টি ইংরেজি পত্রিকায় এবং পিরোজপুর জেলায় প্রকাশিত ১টি পত্রিকায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
৫। সিনিয়র সিষ্টেম এনলিষ্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। বিজ্ঞপ্তিটি বাপাউবো'র ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৬। হিসাব রক্ষণ কর্মকর্তা, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক) বাপাউবো, বরিশাল।
৭। উপ-বিভাগীয় প্রকৌশলী, পিরোজপুর পানি উন্নয়ন উপ-বিভাগ, বাপাউবো, পিরোজপুর।
৮। উপ-বিভাগীয় প্রকৌশলী, মঠবাড়িয়া পানি উন্নয়ন উপ-বিভাগ, বাপাউবো, পিরোজপুর।
৯। উপ-সহকারী প্রকৌশলী, পিরোজপুর পানি উন্নয়ন শাখা-১, বাপাউবো, পিরোজপুর।
১০। প্রধান করণিক, অত্র দপ্তর।
১১। অফিস কপি।

22/09/2026

নির্বাহী প্রকৌশলী
পিরোজপুর পানি উন্নয়ন বিভাগ,
বাপাউবো, পিরোজপুর।